

অংক

অমিত কাশ্যপ

আয়তাকার একটি ঘরে শুয়ে পড়ি
জ্যামিতিক দিক দিয়ে বিচার করলে
লম্বায় দুই বাহু সমান হলেও
প্রস্থে দুইটির মধ্যে কম বেশি আছে

শোয়ার পর থেকেই মনে হতে থাকে
এখন আর কোনও অংক নয়
আগামীকালও কোনও কাজ নয়
বিশ্রাম, বিশ্রামের ভেতর সন্ধি, সমাস নির্ণয়

ঘন ঘন বেড টি, প্রাত্যহিক কাজ
নিদেনপক্ষে ফোন ধরা, রিং টোনে ভৈরবী
রাত্রি পোশাকে আরাম নিতে থাকি
রাত্রি স্মৃতি আমাকে বিস্মল করে

চারটি বাহুর মধ্যে বন্দিদশা
আমাকে যক্ষের মতো আগলে রাখে
আমি জ্যোৎস্নার মেলে দেওয়া ডানা
দেখতে থাকি, অংক কষি ওড়ার সরলরেখা